

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৩০.০০১.১৭-৪১

তারিখঃ ০৮.০২.২০১৮ খ্রিঃ।

বিষয়: আপনার জেলাধীন সকল পর্যায়ের ( দাখিল, আলিম ও কামিল ) মাদরাসার মোবাইল নম্বর (প্রাতিষ্ঠানিক কাজে ব্যবহারের উদ্দেশ্যে) এবং ই-মেইল এড্রেস সংগ্রহ পূর্বক অত্র অধিদপ্তরে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের আওতাধীন মাদরাসা শিক্ষা অধিদপ্তরের কর্মক্ষেত্র সমগ্র দেশ ব্যাপি। এ দপ্তরের আওতাধীন মাদরাসা সমূহের দেখভাল করার পাশাপাশি দ্রুত সেবা নিশ্চিত করা এ দপ্তরের গুরুত্বপূর্ণ কাজ। সেবা গ্রহীতাদের কাছে দ্রুত সেবা পৌঁছে দেয়া, সেবা সহজীকরণ ইত্যাদি বিষয় আরো স্পষ্ট করার জন্য ফোনালাপ বা ইমেইলের বিকল্প নেই।

০২. জনস্বার্থ বিবেচনায় সার্বিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে মাদরাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশের সকল পর্যায়ের (দাখিল, আলিম ও কামিল) মাদরাসার নিকট হতে প্রতিষ্ঠানের একটি ই-মেইল এড্রেস এবং কেবল মাত্র প্রতিষ্ঠানের জন্য ব্যবহৃত হবে এমন একটি মোবাইল নম্বর সংগ্রহ করতে একমত পোষণ করেছে।

০৩. মাদরাসা শিক্ষা অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়েছে যে, মাদরাসা প্রধানগণ ব্যক্তিগত মোবাইল এবং ইমেইল ব্যবহার করে এ দপ্তরে যোগাযোগ করেন। প্রতিষ্ঠান প্রধানের অবসর, মৃত্যু বা অন্য কোন কারণে প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ না থাকায় পূর্বের ব্যবহৃত মোবাইল এবং ইমেইল ব্যবহার করে তথ্য আদান প্রদান সম্ভব হয় না। ফলশ্রুতিতে জরুরী প্রয়োজনে তথ্য আদান প্রদানে সময়ক্ষেপন হয়।

০৪.এ বিষয়টি বিবেচনা পূর্বক সকল মাদরাসায় নিজস্ব মোবাইল নম্বর ও ইমেইল এড্রেস থাকা বাঞ্ছনীয় মর্মে এ অধিদপ্তর মনে করে। এমতাবস্থায় আপনার আওতাধীন সকল মাদরাসার নিজস্ব মোবাইল নম্বর (প্রাতিষ্ঠানিক কাজে ব্যবহারের উদ্দেশ্যে) এবং ইমেইল এড্রেস সংগ্রহপূর্বক নিম্নবর্ণিত ছকে ২০.০২.২০১৮ তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মোবাইল নম্বর (প্রাতিষ্ঠানিক কাজে ব্যবহারের উদ্দেশ্যে)	ইমেইল এড্রেস

  
(মোঃ সাইফুল ইসলাম)

উপ-পরিচালক (প্রশাসন)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ফোন-৪১০৩০১৬৩

ইমেইল: [ddadmeb@gmail.com](mailto:ddadmeb@gmail.com)

জেলা শিক্ষা অফিসার

জেলা: (মক্কা)

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে)

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহন পুল (৯ম তলা), ঢাকা।

০২. অফিস কপি